

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি প্রমোশন ও ব্র্যান্ডিং শাখা
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৪৯.১৮.০০১.১৯.২০

তারিখ: ২৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

প্রাপক:

চিফ এ্যাকাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অনুষ্ঠান/উৎসবাদি খাতে
(১২৮০১০১-১১৬৫৯৯-৩২৫৭৩০১) বরাদ্দকৃত অর্থ হতে তারুণ্য উৎসব-২০২৫ উদযাপনের জন্য অর্থ মঞ্জুরী।**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক তারুণ্য উৎসব-২০২৫ উদযাপনের লক্ষ্যে চলতি ২০২৪-২৫ অর্থবছরের অনুষ্ঠান/উৎসবাদি (কোড নং-১২৮০১০১-১১৬৫৯৯-৩২৫৭৩০১) খাতে তারুণ্য উৎসব-২০২৫ এর জন্য বরাদ্দকৃত ১৫৫.০৬ (এক কোটি পঞ্চাশ লক্ষ ছয় হাজার) টাকা হতে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নোক্ত ছকের ৩নং কলামে বর্ণিত প্রাপকের অনুকূলে ৪ নং কলামে বর্ণিত হারে সর্বমোট ১,০৭,০০,০০০/- (এক কোটি সাত লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ/ব্যয়ের সরকারি মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জ্ঞাপন করছি:

ক্রম	অর্থ প্রাপক	সংখ্যা	হার*	মোট
১	২	৩	৪	৫
০১	বিভাগীয় কমিশনার	৮ টি বিভাগ	৫০,০০০/-	৪,০০,০০০/-
০২	জেলা প্রশাসক	৫৬ টি জেলা (০৮টি বিভাগীয় জেলা ব্যতীত)	৩০,০০০/-	১৬,৮০,০০০/-
০৩	উপজেলা নির্বাহী অফিসার	৪৩১ টি উপজেলা (৬৪টি সদর উপজেলা ব্যতীত)	২০,০০০/-	৮৬,২০,০০০/-
সর্বমোট (এক কোটি সাত লক্ষ টাকা):				১,০৭,০০,০০০/-

০২. শর্তসমূহ:

(ক) বরাদ্দকৃত অর্থ হতে বিল পরিশোধের লক্ষ্যে ব্যয়ের বিল-ভাউচার প্রাপকের হিসাবরক্ষণ অফিসে দাখিলপূর্বক উত্তোলন করতে হবে।

(খ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006, PPR-2008 এবং সরকারের যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;


(গ) এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী হবেন;

(ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ট্রেজারী চালানের মাধ্যমে (কোড নং-১-২৮০১-০০০১-২৬৭১) সরকারি কোষাগারে জমাদান করতঃ চালানের কপি (অনলাইন ভেরিফিকেশনসহ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করতে হবে।

০৩. উক্ত ব্যয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে অনুষ্ঠান/উৎসবাদি খাতে (১২৮০১০১-১১৬৫৯৯-৩২৫৭৩০১) বরাদ্দকৃত তহবিল হতে নির্বাহ করা হবে।

০৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,



১১-০২-২০২৫

মোহাম্মদ আমিনুল এহসান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

০২৪১০২৪০৯৭

ipb.sec@ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৪৯.১৮.০০১.১৯.২০/১ (১০)

তারিখ: ২৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৭। আয়ন ব্যয়ন কর্মকর্তা (ডিডিও), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।।
- ৮। প্রোগ্রামার,,।
- ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা (ডিডিও), হিসাব ও নিরীক্ষা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ১০। সহকারী প্রোগ্রামার,,।



১১-০২-২০২৫

মোহাম্মদ আমিনুল এহসান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)